

💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ সফরের আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

পারলে বৃহস্পতিবার এবং সকাল সকাল সফরে বের হন

যেহেতু আল্লাহর নবী (ﷺ) বৃহস্পতিবার সফরে বের হতে পছন্দ করতেন।[1]

সখর গামেদী (রাঃ) হতে বর্ণিত, রাসুল (ﷺ) বলেন, "হে আল্লাহ! তুমি আমার উম্মতের প্রত্যুষে বরকত দাও।" আর তিনি কোন সৈন্যবাহিনী প্রেরণ করলে সকাল-সকাল প্রেরণ করতেন। সখ্র (রাঃ) একজন ব্যবসায়ী ছিলেন। তিনিও সকাল-সকাল ব্যবসায় (লোক) পাঠাতেন। ফলে তিনি ধনবান হয়েছিলেন এবং তাঁর মাল-ধন হয়েছিল প্রচুর।[2]

ফুটনোট

- [1]. মুসনাদে আহমাদ আল-মাকতাবাতুশ-শামেলা. হা/১৫৩৫৪, বুখারী তাওহীদ পাবঃ হা/ ২৯৫০
- [2]. আহমাদ, আবু দাউদ ২৬০৬, তিরমিয়ী, নাসাঈ, ইবনে মাজাহ, সহীহ আবু দাউদ ২২৭০

• Source — https://www.hadithbd.com/books/link/?id=7940

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন